কালের কণ্ঠ

13 JAN 2015
পৃ - ২

# রাঙামাটি মেডিক্যাল কলেজ বান্দরবানে!

## স্থানান্তরের বিষয়ে সরকারের গ্রিন সিগন্যাল

মনু ইসলাম, বান্দরবান ▷

রাঙামাটিতে চালু হওয়া বহুল আলোচিত সরকারি মেডিক্যাল কলেজ বান্দরবানে স্থানান্তরের চিন্তাভাবনা করছে সরকার।

বান্দরবানের জেলা প্রশাসক মিজানুল হক চৌধুরী বলেছেন, মেডিক্যাল কলেজ স্থানান্তরের বিষয়ে সরকারের গ্রিন সিগন্যাল পাওয়া গেছে। তিনি জানান, এ বিষয়ে জনমত যাচাইয়ের জন্য জেলা প্রশাসনের উদ্যোগে স্থানীয় জনপ্রতিনিধি ও পেশাজীবীদের সঙ্গে ধারাবাহিক আলোচনা শুরু হয়েছে।

গতকাল সোমবার বিকেলে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে বান্দরবানের জেলা প্রশাসক এ তথ্য জানান।

জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এ সভায় পুলিশ সুপার দেবদাশ ভট্টাচার্য, বান্দরবান পার্বত্য জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা মোমিনুর রশিদ আমিন, জেলা আওয়ামী লীগের সহসভাপতি আবদুর রহিম চৌধুরী ও এ কে এম জাহাঙ্গীর, বান্দরবান সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান আবদুল কুদ্দুস ও বান্দরবান পৌরসভার মেয়র জাবেদ রেজা উপস্থিত ছিলেন।

একজন সাংবাদিকের প্রশ্নের জবাবে জেলা প্রশাসক মিজানুল হক চৌধুরী বলেন, এ বিষয়ে সরকারের গ্রিন সিগন্যাল রয়েছে। তিনি বলেন, অস্থায়ীভাবে কোনো অবকাঠামো পেলে চলতি শিক্ষা বর্ষ থেকেই বান্দরবানে মেডিক্যাল কলেজের শিক্ষা কার্যক্রম শুরু হতে পারে।

মিজানুল হক চৌধুরী জানান, বিষয়টি নিয়ে পার্বত্য চট্টগ্রামবিষয়ক প্রতিমন্ত্রী বীর বাহাদুর এমপি, বান্দরবান পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান ক্য শৈ হ্লাসহ সিনিয়র জনপ্রতিনিধিদের সঙ্গে ইতিমধ্যে তিনি আলোচনা করেছেন। তাঁরা সবাই বান্দরবানে মেডিক্যাল কলেজ স্থাপনে সম্মতি দিয়েছেন বলে তিনি জানান।

সভায় জেলা আওয়ামী লীগের সহসভাপতি এ কে এম জাহাঙ্গীর বলেন, কয়েক বছর ধরে বান্দরবানবাসী এ জেলায় একটি মেডিক্যাল কলেজ, ইঞ্জিনিয়ারিং কলেজসহ উচ্চশিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের দাবি জানিয়ে আসছে। সরকার পার্বত্য চট্টগ্রামের কেন্দ্রস্থল বিবেচনায় রাঙামাটিতে মেডিক্যাল কলেজ স্থাপন করে। কিন্তু সাম্প্রতিক সময়ে মেডিক্যাল কলেজের শিক্ষা কার্যক্রম চালু করাকে কেন্দ্র করে পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতিসহ একটি বিশেষ মহল একের পর এক বাধা সৃষ্টি করছে। এ প্রেক্ষাপটে রাঙামাটির পরিবর্তে মেডিক্যাল কলেজটি বান্দরবানে স্থানান্তরের জন্য এলাকার সর্বস্তরের মানুষ আবারও আবেদন জানাচ্ছে।

আওয়ামী লীগ সরকারের বিগত আমলে রাঙামাটিতে মেডিক্যাল কলেজ স্থাপনপ্রক্রিয়া শুরু হয়। প্রথম থেকেই পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতি এ বিষয়ে আপত্তি তোলে। আদিবাসীদের পক্ষ থেকে মেডিক্যাল কলেজবিরোধী বিভিন্ন রাজনৈতিক কর্মসূচি দেওয়া হয়। একপর্যায়ে রাঙামাটি মেডিক্যাল কলেজ প্রকল্প স্থবির হয়ে পড়ে। গত বছর নতুন মেয়াদে দায়িত্ব গ্রহণ করে সরকার রাঙামাটি মেডিক্যাল কলেজ চালুর সব প্রক্রিয়া সম্পন্ন করে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ১০ জানুয়ারি দেশের বিভিন্ন এলাকায় স্থাপিত অন্য ১০টি মেডিক্যাল কলেজের সঙ্গে রাঙামাটি সরকারি মেডিক্যাল কলেজের শিক্ষা কার্যক্রম উদ্বোধন করেন। সরকারি এ পদক্ষেপের প্রতিবাদে এদিন থেকেই রাঙামাটিতে উত্তেজনা ছড়িয়ে পড়ে, যার পরিপ্রেক্ষিতে সেখানে সান্ধ্য আইন পর্যন্ত জারি করতে হয়েছে। এখনো অবস্থার কোনো পরিবর্তন ঘটেনি সেখানে।

এদিকে সম্ভাব্য পরিস্থিতি এড়াতে রাঙামাটি থেকে প্রত্যাহার করে বান্দরবানে মেডিক্যাল কলেজ স্থানান্তরের প্রক্রিয়া শুরু হয়। সরকারি এ পদক্ষেপ এলাকায় মিশ্র প্রতিক্রিয়া সৃষ্টি করেছে।